

শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের বৈঠক পাবিপ্রবিতে ভিসির আশ্বাসে আন্দোলন প্রত্যাহার

পাবনা প্রতিদিন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইস-চ্যাম্পেলরের (ভিসি) আশ্বাসের পরিশ্রুতিতে আন্দোলনরত শিক্ষার্থীরা সাময়িকভাবে তাদের আন্দোলন প্রত্যাহার করে নিয়েছেন। বৃহস্পতিবার দুপুর ১২টায় পাবিপ্রবির অস্থায়ী ক্যান্টিনে রাজাপুর শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে ভিসিসহ শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের এক বৈঠক শেষে শিক্ষার্থীরা সাময়িকভাবে আন্দোলন প্রত্যাহার করেন। এদিকে দীর্ঘ এক মাস বন্ধ থাকার পর বুধবার থেকে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় খোলা হলো শিক্ষার্থীদের ক্লাসবর্জন কর্মসূচি অব্যাহত ছিল। বৃহস্পতিবার এই বৈঠকের কারণে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যান্টিনে রাজাপুর শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে ক্লাস চালু করা হয়। এছাড়াও শহরের মহিষের ডিপোতে প্রাথমিক ইউনিট-১ ও দক্ষিণ রাস্তাবপূর্বে লাইব্রেরি ভবনে স্বাভাবিক কর্মকাণ্ড চলেছে। বৈঠকের সময় কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। তবে বৈঠকে সাংবাদিকদের প্রবেশ করতে দেয়া হয়নি। এমনকি বৈঠকের সিক্স সম্পর্কে জানতে চাইলে আইস-চ্যাম্পেলর প্রফেসর ড. মোজাম্মতুল হোসেন বলেন, পাবিপ্রবিতে এমন কোনো

ঘটনা ঘটেনি। তবে সমস্যা নিরসনের বিষয়টি নিয়মতান্ত্রিকভাবে এক্ষেত্রে শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহার ও শিক্ষার্থীদের বহিষ্কারের বিষয়ে জানতে চাইলে তিনি তা এড়িয়ে ক্যান্টিনে ত্যাগ করেন। বৈঠক শেষে প্রস্তাব মুহম্মদ কামরুজ্জামান বলেন, শিক্ষার্থীদের প্রতি আমরা সবই সহনশীল। পাবিপ্রবির সৃষ্ট সমস্যা সুমাধানের চেষ্টা অব্যাহত থাকবে। তিনি বলেন, শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার ও বহিষ্কারাদেশ প্রত্যাহারের বিষয়টি বিবেচ্য বিষয়।-রোববার নামলা প্রত্যাহার করা হবে বলে তিনি জানান। শিক্ষার্থী আন্দোলনের আত্মায় ক্বিকিহিয়াহ বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের দাবি-দায়ের পর্যায়ক্রমে পূরণ করার আশ্বাস প্রদান করায় সাময়িকভাবে আমরা আমাদের আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করেছি। জানা যায়, শিক্ষার্থীদের পুরাতন আট দফা দাবির সঙ্গে যোগ করা হয় ছাত্রদের নামে দায়ের করা মিয়াম মামলা ও ৫ শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবি। উল্লেখ্য, গত ৪ আগস্ট পাবিপ্রবির ছাত্র আন্দোলনের মুখে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এক মাসের জন্য বন্ধ ঘোষণা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।